

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সিএন্ডবি কলোনী ও ফিরিঙ্গি বাজার এলাকায় সড়কের প্যাঁচ ওয়ার্ক কাজ পরিদর্শন করেন ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চলমান প্যাঁচ ওয়ার্কের মাধ্যমে সড়কের সংস্কার কাজ পরিদর্শন করেন ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম। তিনি আজ বৃহস্পতিবার সকালে নাছিরাবাদ সিএন্ডবি কলোনীর সামনের সড়ক ও ফিরিঙ্গি বাজার সড়কের সংস্কার কাজ পরিদর্শন করেন। সে সময় তিনি বৃষ্টির কারণে যেসকল সড়কে খানা-খন্দক সৃষ্টি হয়েছে তা আসন্ন দুর্গোৎসবের পূর্বেই সংস্কার কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা দেন। তিনি বলেন, বর্তমানে সড়ক সংস্কার কাজে আধুনিক প্রযুক্তির কোল্ড রেডিমিক্স ব্যবহার করা হচ্ছে। তাই বৃষ্টির মাঝেও সড়ক সংস্কার কোন সমস্যা হবে না। ভারপ্রাপ্ত মেয়র বলেন, ইতোমধ্যে নগরীর নূর আহমদ সড়ক, আবদুল করিম সাহিত্য বিশারদ সড়ক সহ বিভিন্ন সড়কে কোল্ড রেডিমিক্স ব্যবহার করা হয়েছে। ছোট ছোট গর্ত গুলোতে কোল্ড রেডিমিক্স ব্যবহার করার কারণ হচ্ছে এখনই সংস্কার না করলে ভবিষ্যতে ঐসব গর্ত আরো বড় আকার ধারণ করবে। তিনি প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের সাধারণ বিটুমিন ব্যবহারের পাশা-পাশি কোল্ড রেডিমিক্স ব্যবহারের নির্দেশনা দেন। এ সময়ে ভারপ্রাপ্ত মেয়রের সাথে উপস্থিত ছিলেন-কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সাংবাদিক ডেজি মওদুদ, নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দিক, সহকারী প্রকৌশলী তৌহিদুল হাসান প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশের কারণে পাহাড়তলী অমিত ফুড প্রোডাক্টসকে ৮০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর পাহাড়তলী বার কোয়ার্টার এলাকায় অমিত ফুড প্রোডাক্টস কারখানায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে চনাচুর, বাদাম, ডালভাজা, মোয়া, মুড়ি, তিলের টফি ও পপকর্নসহ বিভিন্ন খাদ্যপণ্য উৎপাদন ও বাজারজাত করার অপরাধে মামলা রুজু পূর্বক ৮০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩